# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৪.২২-০২

তারিখঃ ২১/০৯/১৪২৯ বঙ্গাঃ
০৫/০১/২০২৩ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

জনাব মোঃ মহসিন আলী, ইলেকট্রিশিয়ান (আইডি নং-৯৩০৯২৭০০১), তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর বিরুদ্ধে পানি উন্নয়ন বোর্ডে চাকুরি পাইয়ে দেয়ার বিনিময়ে একাধিক ব্যক্তির কাছ থেকে নগদ অর্থ গ্রহণের অভিযোগ পাওয়ার প্রেক্ষিতে বিষয়টি বোর্ডের ভাবমূর্তির সাথে জড়িত বিধায় উক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা যাচাইপূর্বক মতামত প্রদানের জন্য স্মারক নং-তিস্তা/১এ-৩০/৪১৪৬/৮, তারিখঃ ০৬/১২/২০২১ খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর কর্তৃক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তিনি প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত হওয়ায় তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৪.২২-৬৫, তারিখঃ ২৭/০৪/২০২২ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং অভিযোগনামাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫১ (১) (খ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৪.২২-৮৮, তারিখঃ ১৬/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ মহসিন আলী, ইলেকট্রিশিয়ান (আইডি নং-৯৩০৯২৭০০১), তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনে বাপাউবোর্ডে চাকুরী পাইয়ে দেওয়ার বিনিময়ে একাধিক ব্যক্তির কাছ থেকে নগদ অর্থ গ্রহণের অভিযোগ এবং দপ্তরের কাজ কর্ম সঠিক ও নিয়মিতভাবে না করার অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক তার উপর "তিরস্কার" (Censure) দণ্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ মহসিন আলী, ইলেকট্রিশিয়ান (আইডি নং-৯৩০৯২৭০০১), তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক "তিরস্কার" (Censure) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৫/০১/২০২৩
(ফজলুল করিম)
পরিচালক (অ:দা:)
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৬

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৪.২২-০২(০৯)

তারিখঃ ২১/০৯/১৪২৯ বঙ্গাঃ
০৫/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮. জনাব মোঃ মহসিন আলী, ইলেকট্রিশিয়ান (আইডি নং-৯৩০৯২৭০০১), তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।

০৫/০১/২০২৩
(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯

E:\Bayzid\Office order for censure punishment\Nilfamari.doc1